www.priofaridpur.com

আলহাজ্ব ফিরোজার রহমান

১৯২৫ সালে

ফরিদপুর শহরে

ফিরোজার রহমানের পিতা ছিলেন মৌলভী মহিউদ্দিন মিয়া। ১৯৪১ সালে কলাবাড়িয়া এইচ ই স্কুল থেকে ম্যাট্রিক এবং ১৯৪৭ সালে রাজেন্দ্র কলেজ থেকে বি.এ পাশ করেন। ১৯৪৯ সালে পূর্ব পাকিস্থান পুলিশ বিভাগে সাব-ইন্সপেক্টার পদে যোগদান করেন। পরে পুলিশের চাকরী ছেড়ে ১৯৫৪ সালে ভাঙ্গা পাইলট স্কুলে শিক্ষকতা শুরু করেন। ১৯৬৬ সাল পর্যন্ত এই স্কুলে শিক্ষকতা করেন।

১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের সময় তিনি পাকিস্থান সেনাবাহিনীর হাতে বন্দী হয়ে অনেক নিযাতনের স্বীকার হয়েছিলেন । যুদ্ধে জয়ের পরে ফরিদপুর শহরে দলমত নিবিশেষে সকলকে একত্রিত করে সামাজিক শৃঙ্খলা ফিরিয়ে আনতে বলিষ্ঠ ভূমিকা পালন করেছিলেন।

এরপরে তিনি স্বাধীনভাবে ব্যবসা শুরু করেন। তিনি ফরিদপুর মুসলিম মিশন, চেম্বার অব কর্মাস, ডাঃ জাহেদ মেমোরিয়াল শিশু হাসপাতাল, ফরিদপুর ডায়বেটিক সমিতি, পরিবার পরিকল্পনা সমিতি, লায়ন্স ক্লাব, ফরিদপুর টাউন থিয়েটার ইত্যাদি প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ন পদে অধিষ্ঠিত ছিলেন এবং বাংলাদেশ আওয়ামী লীগ ফরিদপুর জেলার রাজনীতির সাথে জড়িত ছিলেন।

তিনি ছিলেন স্পষ্টভাষী সমাজসেবক, ফরিদপুর শহরে ফিরোজ মাষ্টার নামে পরিচিত ছিলেন। তিনি ফরিদপুরের কমলাপুর এলাকায় মানসিক বুদ্ধি প্রতিবন্ধীদের জন্য একটি স্কুল গড়ে তুলেছিলেন অনেকের সহযোগিতায় । স্কুলটি এখনও মানসিক বুদ্ধি প্রতিবন্ধীদের শিক্ষা প্রদানে বিশেষ ভূমিকা রেখে চলেছে।

ফরিদপুর শহরে তার নামে একটি সড়কের নাম করন করা হয়েছে আলহাজ্ব ফিরোজার রহমান সড়ক।

[তথ্য সূত্রঃ সাংবাদিক মিলন ইমাম, ফরিদপুর]